Bangladesh Competition Commission

# প্রতিযোগিতা সাময়িকী

বর্ষ ৩ । সংখ্যা ১০ । অক্টোবর-ডিসেম্বর ২০২২ । ১৬ আশ্বিন ১৪২৯- ১৬ পৌষ ১৪২৯

## প্রতিযোগিতা সাময়িকীর ১০ম সংস্করণ প্রকাশ

সুষ্ঠু বাজার ব্যবস্থাপনার লক্ষ্যে প্রণীত প্রতিযোগিতা আইন, ২০১২ এর সঠিক বাস্তবায়নের জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কাজ করে যাচ্ছে। অন্যান্য দেশের প্রতিযোগিতা কমিশনের কার্যাবলির আলোকে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন প্রয়োজনীয় বিধিবিধান প্রণয়ন, সংশোধন, অভ্যন্তরীণ জনবলকে আধুনিক ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, তথ্য ভান্ডার স্থাপন, এ্যাডভোকেসি ও আন্তর্জাতিক পরিমণ্ডলে সহযোগিতা জোরদারকরণে উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করছে। মূলত এ্যাডভোকেসির অংশ হিসেবে প্রতিযোগিতা আইন, ২০১২ ও বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমের বিষয়ে প্রচার ও প্রকাশনার মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কমিশন "প্রতিযোগিতা সাময়িকীর" ১০ম (দশম) সংখ্যা প্রকাশ করছে। এ প্রকাশনায় অক্টোবর ২০২২ থেকে ডিসেম্বর ২০২২ (১৬ আশ্বিন ১৪২৯- ১৬ পৌষ ১৪২৯) পর্যন্ত সময়কালের উল্লেখযোগ্য কার্যক্রম তুলে ধরা হয়েছে।

## রাজশাহীতে "ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা" শীর্ষক বিভাগীয় সেমিনার অনুষ্ঠিত

১২/১০/২০২২ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত "ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা" শীর্ষক বিভাগীয় সেমিনার বিভাগীয় কমিশনার, রাজশাহী এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। জনাব জি এস এম জাফরুল্লাহ, এন ডি সি বিভাগীয় কমিশনার, রাজশাহী এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুল বাতেন, বিপিএম, পিপিএম, ডিআইজি, রাজশাহী রেঞ্জ, জনাব মোঃ আবুল কালাম সিদ্দিক, পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ এবং জনাব মাসুদুর রহমান রিংকু, সভাপতি, রাজশাহী চেম্বার অব কমার্স এবং গণমাধ্যমের প্রতিনিধিগণ। উক্ত সেমিনারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের গঠন, লক্ষ্য ও উদ্দেশ্য এবং কার্যক্রম বিষয়ক পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন কমিশনের সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন।




"ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনের ভূমিকা" শীর্ষক রাজশাহী বিভাগীয় সেমিনার

## 'Need For An Effective Competition Regime In Bangladesh' শীর্ষক সেমিনার আয়োজন

রাজধানীর সিরডাপ (CIRDAP) মিলনায়তনে ২৩/১০/২০২২ রোববার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে 'Need For An Effective Competition Regime In Bangladesh' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশি, এম.পি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা প্রতিমন্ত্রী জনাব শামসুল আলম, এফবিসিসিআই প্রেসিডেন্ট জনাব মোঃ জসিম উদ্দিন, ডিসিসিআই প্রেসিডেন্ট, কমিশনের সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির এবং জনাব নাসরিন বেগম। এছাড়া জাস্টিসিয়া লিগ্যাল মাইন্ডসের প্রতিনিধি, কমিশনের বেসরকারি উপদেষ্টামণ্ডলী, বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, ব্যবসায়ী নেতৃবৃন্দ, গণমাধ্যম প্রতিনিধিগণ প্রমুখ সেমিনারে অংশগ্রহণ করেন।

মুক্তবাজার অর্থনীতির দেশ হলেও দেশের পণ্যবাজার স্থিতিশীলতার স্বার্থে কয়েকটি নিত্যপণ্যের দাম বেঁধে দেওয়ার বিষয়টি উপস্থাপন করেন বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি ফেডারেশনের সভাপতি মোঃ জসিম উদ্দিন। নিত্যপণ্যের ক্রমাগত মূল্যবৃদ্ধির মধ্যে সাধারণ মানুষকে একটু স্বস্তি দেওয়ার জন্য এই পদক্ষেপ নেওয়া উচিত বলে মনে করেন তিনি।

বাজারে ন্যায্যতা নিশ্চিত করার জন্য সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি বলেন, 'চাল ও আলুর মতো পণ্যের উৎপাদনের তথ্যের সঙ্গে ভোগের তথ্যের কোথাও একটা গরমিল আছে। যার কারণে উৎপাদন ভালো হয়েছে বলা হলেও আবার আমদানি করতে হয়। সুতরাং সঠিক হিসাবও আমাদের জানা দরকার। আবার দেখা যায় বড় ব্যবসায়ীদের চাপে ছোট ব্যবসায়ীরা বাজার থেকে বের হয়ে যেতে বাধ্য হচ্ছে। এটা কিন্তু অনৈতিক ও প্রতিযোগিতা বিরোধী।'

প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম দেশের বাজারে প্রতিযোগিতার গুরুত্ব তুলে ধরেন। তিনি বলেন, সুষ্ঠু প্রতিযোগিতা বিদ্যমান থাকলে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম ২৩-২৫% কমে যাবে। ব্যবসায় প্রতিযোগিতা বজায় রাখলে উৎপাদনকারী থেকে ভোক্তা পর্যন্ত সকলেই উপকৃত হবে এবং ব্যবসার বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টি হবে। এতে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত ও কর্মসংস্থান সৃষ্টি হবে।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের গঠন, লক্ষ্য, উদ্দেশ্য, কার্যক্রম, প্রতিযোগিতা আইন, ২০১২ সহ সার্বিক পরিস্থিতি বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন কমিশনের সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন এবং স্বাগত বক্তব্য প্রদান করেন কমিশনের অপর সদস্য জনাব নাসরিন বেগম। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জাস্টিসিয়া লিগ্যাল মাইন্ড সদস্য ব্যারিস্টার তাসনুভা শেলী, কমিশনের বেসরকারি উপদেষ্টা জনাব এম. এস. সিদ্দিকী এবং ব্যারিস্টার মাফরুহা মারফি।




বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে 'Need For An Effective Competition Regime In Bangladesh' শীর্ষক সেমিনার আয়োজন

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন

২৭/১০/২০২২ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম এঁর বিদায় সংবর্ধনা অনুষ্ঠান বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিদায়ী চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, কমিশনের বিজ্ঞ সদস্যমণ্ডলী জনাব জি. এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম এবং কমিশনের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।




বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলামের বিদায় সংবর্ধনা প্রদান

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে নবনিযুক্ত চেয়ারপার্সন ও সদস্য মহোদয়ের যোগদান

১০/১১/২০২২ রোজ-বৃহস্পতিবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিযুক্ত সম্মানিত চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং সদস্য জনাব সালমা আখতার জাহান কমিশনে যোগদান করেন। কর্মস্থলে যোগদানের পর নবনিযুক্ত চেয়ারপার্সন এবং সদস্য কমিশনে স্থাপিত মুজিব কর্নারে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। অতঃপর মুজিব কর্নারে একত্রিত হয়ে জাতির পিতা এবং ১৫ আগস্টের কাল রাত্রিতে শাহাদাত বরণকারী সকলের রুহের মাগফিরাত কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করা হয়। নবনিযুক্ত চেয়ারপার্সন এবং সদস্যের যোগদান উপলক্ষ্যে উক্ত তারিখে কমিশনের সভাকক্ষে এক পরিচিতিমূলক সভা আয়োজন করা হয়। সভায় কমিশনের কার্যক্রম সম্পর্কে কমিশনের সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দিন পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন।



নবনিযুক্ত চেয়ারপার্সন ও সদস্যের যোগদান




নবনিযুক্ত চেয়ারপার্সন এবং সদস্য কর্তৃক
জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

## অনুসন্ধান ও তদন্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন

কমিশন কর্তৃক গৃহিত সিদ্ধান্তের আলোকে বিভিন্ন ইস্যুতে অনুসন্ধান ও তদন্ত কার্যক্রম পরিচালিত হচ্ছে। এ জাতীয় অনুসন্ধান ও তদন্ত কাজের সংখ্যা যথাক্রমে ১১ ও ১৭ টি। উক্ত অনুসন্ধান ও তদন্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে ১৫/১১/২০২২ তারিখে কমিশনের চেয়ারপার্সনের সভাপতিত্বে কমিশনের সভাকক্ষে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বিজ্ঞ সদস্যমণ্ডলী এবং অনুসন্ধান ও তদন্ত টিমের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## ২০২২-২৩ অর্থবছরের জন্য পণ্য ও সেবা সংক্রান্ত ডাটাবেজ প্রণয়ন পর্যালোচনামূলক সভা আয়োজন

২০২২-২৩ অর্থবছরের জন্য পণ্য ও সেবা সংক্রান্ত ডাটাবেজ প্রণয়নের জন্য ১৭/১১/২০২২ তারিখ কমিশনের সভাকক্ষে চেয়ারপার্সন মহোদয়ের সভাপতিত্বে এক পর্যালোচনামূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় কমিশনের সকল সদস্য এবং অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ২০২২-২৩ অর্থবছরে আউটসোর্সিং জনবল সরবরাহের টেন্ডারে অনিয়ম সংক্রান্ত অভিযোগের বিষয়ে অনুসন্ধানমূলক সভা আয়োজন

চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ২০২২-২৩ অর্থবছরে আউটসোর্সিং জনবল সরবরাহের টেন্ডারে অনিয়ম সংক্রান্ত অভিযোগের বিষয়ে ১৭/১১/২০২২ তারিখ বেলা ১১.৩০ মিনিটে কমিশনের সভাকক্ষে অনুসন্ধানমূলক সভা করা হয়। কমিশনের চেয়ারপার্সন মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দ, চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শামীম আহসান, স্বাস্থ্য শিক্ষা বিভাগের যুগ্মসচিব জনাব আনজুমান আরা এবং সিপিটিইউ'র উপপরিচালক উপস্থিত ছিলেন।




চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ২০২২-২৩ অর্থবছরে
আউটসোর্সিং জনবল সরবরাহের টেন্ডারে অনিয়ম সংক্রান্ত অভিযোগের বিষয়ে
আয়োজিত অনুসন্ধানমূলক সভায় বক্তব্য রাখছেন চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## 'দেশের বাজারে চিনির মূল্য ও সরবরাহ নিয়ন্ত্রণ' বিষয়ক মতবিনিময় সভা আয়োজন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক আয়োজিত 'দেশের বাজারে চিনির মূল্য ও সরবরাহ নিয়ন্ত্রণ' বিষয়ক মতবিনিময় সভা ২১/১১/২০২২ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় কমিশনের সদস্যবৃন্দ জনাব জি.এম. সালেহ উদ্দিন, ড. এ এফ এম মনজুর কাদির, জনাব নাসরিন বেগম, জনাব সালমা আখতার জাহান, বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মোহাম্মাদ দাউদুল ইসলাম, এন এস আই এর যুগ্ম পরিচালক জনাব মেজর এ. এম ফয়সাল রহমান, শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব আফরোজা বেগম পারুল, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব তাহমিনা বেগম, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের গবেষণা কর্মকর্তা মোহাম্মদ রায়হান, টিসিবির সহকারী পরিচালক জনাব মোঃ নাসির উদ্দিন তালুকদার, চিনি উৎপাদনকারী বিভিন্ন কোম্পানির প্রতিনিধিবৃন্দ এবং কমিশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



'দেশের বাজারে চিনির মূল্য ও সরবরাহ নিয়ন্ত্রণ' বিষয়ক আয়োজিত মতবিনিময় সভায়
বক্তব্য রাখছেন চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে ১০টি পণ্য ও সেবা সম্পর্কে সম্পাদিত সমীক্ষা কার্য পর্যালোচনা

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে ১০টি পণ্য ও সেবা সম্পর্কে সম্পাদিত সমীক্ষা কার্য পর্যালোচনা করা হয়। সমীক্ষার ক্ষেত্রগুলো হচ্ছে (১) দেশের পোল্ট্রি ফিড, পশু খাদ্য ও মৎস্য খাদ্য বাজার সমীক্ষা (২) বাংলাদেশের বেসরকারী শিক্ষা খাতে টিউশন ফি, সেশন ফি, উন্নয়ন ফি বিষয়ক সমীক্ষা (৩) বাংলাদেশের চামড়ার বাজার সমীক্ষা (৪) বাংলাদেশের চিনির বাজার সমীক্ষা (৫) বাংলাদেশে এম এস রডের বাজার সমীক্ষা (৬) বাংলাদেশের পেঁয়াজের বাজার সমীক্ষা (৭) বাংলাদেশের চালের বাজার সমীক্ষা (৮) বাংলাদেশের ওষুধের বাজার সমীক্ষা (৯) বাংলাদেশের বেসরকারি হাসপাতালে স্বাস্থ্য সেবা বিষয়ক সমীক্ষা (১০) দেশের আলুর বাজার সমীক্ষা ।

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিযুক্ত চেয়ারপার্সন ও সদস্য মহোদয়ের জাতির পিতার সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিযুক্ত চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং সদস্য জনাব সালমা আখতার জাহান গত ২৮/১১/২০২২ তারিখ সকাল ১১.০০ মিনিটে টুঙ্গীপাড়াস্থ জাতির পিতার সমাধিসৌধে পৃথকভাবে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে চেয়ারপার্সন এবং সদস্য মহোদয় জাতির পিতার প্রতি সম্মান প্রদর্শন স্বরুপ এক মিনিট নীরবে দাঁড়িয়ে থাকেন এবং জাতির পিতার রুহের মাগফিরাত কামনায় মোনাজাত করেন। সে সময় গোপালগঞ্জ জেলা প্রশাসনের উপপরিচালক এবং টুঙ্গীপাড়া উপজেলার উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত ছিলেন। পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাতের পর চেয়ারপার্সন এবং সদস্য মহোদয় জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে শোকবইয়ে তাঁদের অনুভূতি ব্যক্ত করে স্বাক্ষর করেন।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিযুক্ত চেয়ারপার্সন ও সদস্য কর্তৃক জাতির পিতার সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ

## প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে গোপালগঞ্জ জেলায় সেমিনার আয়োজন

২৮/১১/২০২২ তারিখ রোজ সোমবার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে এবং জেলা প্রশাসন, গোপালগঞ্জের সার্বিক সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ''প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন'' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়। জনাব শাহিদা সুলতানা, জেলা প্রশাসক, গোপালগঞ্জ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সালমা আখতার জাহান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। সেমিনারে আরো উপস্থিত ছিলেন জনাব আজহারুল ইসলাম, উপপরিচালক, স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনাব এ. কে. এম. হেদায়েতুল ইসলাম, জেলা চেম্বার অব কমার্সের প্রতিনিধি, স্থানীয় ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, জনপ্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সেমিনারে উপস্থিত অতিথিবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা এবং কমিশনের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন মহোদয়কে স্বাগত বক্তব্য উপস্থাপনের জন্য অনুষ্ঠানের সভাপতি অনুরোধ জানান। চেয়ারপার্সন জাতির পিতা এবং ১৫ আগস্টের কালো রাত্রিতে শাহাদাত বরণকারী সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, জাতির পিতা অনেক ত্যাগ তিতিক্ষা করে আমাদেরকে স্বাধীন সার্বভৌম ভূ-খণ্ড উপহার দিয়ে গেছেন এবং মাননীয় প্রধানমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে আমরা বিশ্বে উন্নয়নের রোল মডেল হিসেবে পরিচিতি লাভ করেছি। ধারাবাহিক উন্নয়নের পথ পরিক্রমায় দেশের অর্থনৈতিক কর্মকাণ্ড ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এ প্রেক্ষাপটে বর্তমান সরকারের সময়কালে ২০১২ সালে প্রতিযোগিতা আইন, ২০১২ প্রণীত হয় এবং একই বছরে সরকার গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন গঠন করে। উক্ত আইন ও কমিশন সম্পর্কে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে এবং ব্যবসা-বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতার সংস্কৃতি গড়ে তুলতে কমিশন জাতীয় পর্যায়সহ বিভাগীয় ও জেলা পর্যায়ে সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করছে বলে সেমিনারে কমিশনের চেয়ারপার্সন উল্লেখ করেন।

উক্ত সেমিনারে গোপালগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের দায়িত্ব, ক্ষমতা ও কার্যাবলী, কমিশন কর্তৃক গৃহিত কার্যক্রম, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

পণ্য ও সেবা উৎপাদন, সরবরাহ ও বাজারজাতকরণের সঙ্গে সম্পৃক্ত শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান সমূহে Competition Compliance Program (CCP) চালু করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে বলে সেমিনারে কমিশনের চেয়ারপার্সন জানান। কমিশনের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করার পরামর্শ প্রদান করে সফলতার সাথে এ সেমিনার আয়োজনে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য তিনি জেলা প্রশাসক-কে ধন্যবাদ জানিয়ে সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।




প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে গোপালগঞ্জ জেলায় আয়োজিত সেমিনারে
বক্তব্য রাখছেন চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## সরকারি বিভাগের ক্রয়ের ক্ষেত্রে সরকারি ক্রয়নীতি যথাযথভাবে প্রতিপালনসহ মুক্ত প্রতিযোগিতামূলক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী গ্রহণ

সরকারি বিভাগের ক্রয়ের ক্ষেত্রে সরকারি ক্রয়নীতি যথাযথভাবে প্রতিপালনসহ মুক্ত প্রতিযোগিতামূলক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে কমিশন সভার সিদ্ধান্তের আলোকে ১২/১২/২০২২ তারিখে সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী অনুষ্ঠিত হয়। কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত শুনানীতে কমিশনের চেয়ারপার্সন, ০৩ জন সদস্য এবং অন্যান্য সহায়ক কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন। শুনানীতে আবেদনকারী প্রতিষ্ঠান বাংলাদেশ ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রনিক্স এ্যান্ড হোম এ্যাপ্লায়েন্স ম্যানুফ্যাকচারার্স এক্সপোর্টস এসোসিয়েশন (বিইইএমইএ), গণপূর্ত অধিদপ্তর এবং সিপিটিইউর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। শুনানীকালে জানা যায় যে, বিবেচ্য আবেদনে গণপূর্ত অধিদপ্তরের ২০১৮ সালের রেট সিডিউল বিষয়ে উল্লেখ করা হয়। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি শুনানীতে জানিয়েছেন, জুন ২০২২ সালে গণপূর্ত অধিদপ্তরের সর্বশেষ রেট সিডিউল যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হয়েছে। ফলে ২০১৮ সালের রেট সিডিউলের আপত্তির বিষয়ে এ পর্যায়ে কিছু করার নেই জানিয়ে বিবেচ্য আবেদনটি নিষ্পত্তি করা হয়।




সরকারি বিভাগের ক্রয়ের ক্ষেত্রে সরকারি ক্রয়নীতি যথাযথভাবে
প্রতিপালনসহ মুক্ত প্রতিযোগিতামূলক পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে
সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী গ্রহণ করছেন চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## ইট প্রস্তুতকারী মালিক সমিতি এবং কয়লা আমদানিকারকগণের উপস্থিতিতে শুনানী গ্রহণ

ইট প্রস্তুতকারী মালিক সমিতি এবং কয়লা আমদানিকারকগণের উপস্থিতিতে ০৭/১২/২০২২ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে শুনানী অনুষ্ঠিত হয়। শুনানীতে কমিশনের চেয়ারপার্সন এবং ০৩ জন সদস্য উপস্থিত ছিলেন।




ইট প্রস্তুতকারী মালিক সমিতি এবং কয়লা আমদানিকারকগণের উপস্থিতিতে
শুনানী গ্রহণ করছেন চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## মালয়েশিয়াতে জনবল প্রেরণের ক্ষেত্রে বাধা সৃষ্টি করা সংক্রান্ত অভিযোগের শুনানী গ্রহণ

মালয়েশিয়াতে জনবল প্রেরণের ক্ষেত্রে বাধা সৃষ্টি করা সংক্রান্ত অভিযোগের বিষয়ে কমিশন সভার সিদ্ধান্তের আলোকে ১৩/১২/২০২২ তারিখে সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী অনুষ্ঠিত হয়। কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত শুনানীতে কমিশনের চেয়ারপার্সন এবং অন্যান্য সহায়ক কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। শুনানীতে আবেদনকারী প্রতিষ্ঠান ডিগনিটি ইন্টারন্যাশনাল এজেন্সি এবং প্রতিপক্ষ প্রতিষ্ঠান এম/এস গ্রিনল্যান্ড ওভারসিজ এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণ

অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ, অগ্নিকান্ড সফলভাবে নির্বাপণ, দুর্ঘটনাকালে উদ্ধার তৎপরতা, ইভাকুয়েশন, ফায়ার এক্সটিংগুইসার কার্যকরভাবে ব্যবহারকরণ ইত্যাদি বিষয়ে ২১/১২/২০২২ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় প্রকার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ প্রদান করেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্টেশন অফিসার জনাব ফয়েজ আহম্মেদ এবং মোঃ জাকারিয়া খান। উক্ত প্রশিক্ষণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন, ০৩ জন সদস্যসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ শেষে কমিশন অফিসে স্থাপিত ২০ টি ফায়ার এক্সটিংগুইসারের কার্যকারিতা পরীক্ষা করা হয়। পরীক্ষান্তে এগুলো সঠিক পাওয়া যায়। প্রশিক্ষণের শেষ পর্যায়ে অগ্নিকান্ড নির্বাপণকালে ফায়ার এক্সটিংগুইসারের সঠিক ব্যবহার বিষয়ে হাতে কলমে কর্মকর্তা/কর্মচারীদেরকে শিখিয়ে দেয়া হয়।



অগ্নি দুর্ঘটনা প্রতিরোধ বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে আয়োজিত ইন-হাউজ প্রশিক্ষণ

# কাগজের মূল্য বৃদ্ধি বিষয়ে প্রকাশিত খবরের ওপর শুনানী গ্রহণ

কাগজের মূল্য অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়ার বিষয়ে গত ১৬/১১/২০২২ তারিখে দৈনিক জনকণ্ঠ, ২৭/১১/২০২২ তারিখে দৈনিক যুগান্তর এবং ১৩/১২/২০২২ দৈনিক সমকাল পত্রিকায় খবর প্রকাশিত হয়। প্রকাশিত খবরগুলোর ওপর ভিত্তি করে অত্র কমিশন কর্তৃক সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয় এবং ২৬.১২.২০২২ তারিখ শুনানীর জন্য তারিখ নির্ধারণ করে গত ১৫/১২/২০২২ তারিখে সংশ্লিষ্ট সকল বরাবর নোটিশ প্রেরণ করা হয়। শুনানীর জন্য নির্ধারিত তারিখ ও সময়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, শিক্ষা মন্ত্রণালয়, অন্য প্রকাশ, আগামী প্রকাশনী, অনুপম প্রকাশনী এর প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়া শুনানীতে কমিশনের সদস্যবৃন্দ এবং কমিশনের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। শুনানীতে জানা যায় যে, কয়েকজন কাগজ মিল মালিক যোগসাজশের মাধ্যমে কাগজের দাম অস্বাভাবিকভাবে বাড়িয়েছেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এ বিষয়ে মিল মালিকদের সাথে বৈঠক করেছেন। কিন্তু মিল মালিকগণ মিটিংয়ের সিদ্ধান্তের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেননি। আন্তর্জাতিক বাজারে যে হারে পাল্পের দাম বেড়েছে তার থেকে দুই-তিন গুণ বেশি হারে কাগজের দাম বাড়ানো হয়েছে। পার্শ্ববর্তী দেশেও কাগজের দাম বেড়েছে কিন্তু সেই বৃদ্ধির হার আমাদের দেশের তুলনায় অনেক কম। কাগজের দাম অস্বাভাবিকহারে বৃদ্ধি করার বিষয়টি আরো অনুসন্ধানের মাধ্যমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য শুনানীতে অংশগ্রহণকারী প্রতিনিধিবৃন্দ কমিশনের প্রতি অনুরোধ জানান। এ বিষয়ে কমিশনের সুপারিশ সম্পর্কে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়।




কাগজের মূল্য বৃদ্ধি বিষয়ে প্রকাশিত খবরের ওপর শুনানী গ্রহণ করছেন চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## 'ACI to sell entire stake in Tetley' শিরোনামে বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত খবরের ওপর শুনানী গ্রহণ

'ACI to sell entire stake in Tetley' শিরোনামে বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত খবরের বিষয়ে গত ২৯/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ১২/২০২২ নং সভায় আলোচনা হয় এবং ১৫/১২/২০২২ তারিখে সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক নোটিশ জারির মাধ্যমে ১৫/১২/২০২২ তারিখে সংশ্লিষ্ট পক্ষগণের শুনানী গ্রহণ করা হয়। শুনানীকালে Amicable Agreement এর খসড়া কপি, জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট এর কপিসহ প্রতিযোগিতা আইন, ২০১২ এর আলোকে বক্তব্য উপস্থাপন করার জন্য পক্ষগণকে অনুরোধ জানানো হয়। পরবর্তী শুনানীর তারিখ ধার্য করা হয় ২৭/১২/২০২২ তারিখ। সংশ্লিষ্ট পক্ষগণ ২৬/১২/২০২২ তারিখে সংশ্লিষ্ট কাগজপত্র এবং তাদের লিখিত বক্তব্য দাখিল করেন। লিখিত বক্তব্য এবং শুনানীতে পক্ষগণ উল্লেখ করেন, Amicable Agreement ভিত্তিতে ACI লিমিটেড তাদের শেয়ার টাটা গ্রুপ লিমিটেডের নিকট হস্তান্তর করার সিদ্ধান্ত নিয়েছেন। এর মাধ্যমে প্রতিযোগিতা আইন, ২০১২ এর কোন ধারা লঙ্ঘন করা হয়নি এবং এর মাধ্যমে প্রতিযোগিতা আরো উৎসাহিত হবে বলে তারা উল্লেখ করেন। শুনানীতে উপস্থিত পক্ষবৃন্দ জানান যে, কোম্পানিস এ্যাক্ট ১৯৯৪ মোতাবেক এ জাতীয় হস্তান্তর প্রক্রিয়ায় জন্য কোন কোর্ট প্রসিডিওরের প্রয়োজন হয় না। কোম্পানিস এ্যাক্টের সংশ্লিষ্ট ধারার আলোকে বক্তব্যটি বিশ্লেষণ করার জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ হতে পক্ষগণকে অনুরোধ জানানো হয়। উপস্থিত পক্ষগণ শুনানীতে অঙ্গীকার করে জানান যে, তারা বিবেচ্য Amicable Agreement এর বিষয়ে যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর এর অনুমোদন গ্রহণ করবেন। উক্ত অনুমোদন সংক্রান্ত সার্টিফাইড কপি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে সরবরাহ করার জন্য পক্ষগণকে অনুরোধ জানানো হয়। উক্ত সার্টিফাইড কপি প্রাপ্তি সাপেক্ষে বিষয়টি নিষ্পত্তিকৃত বলে গণ্য হবে মর্মে শুনানীতে সিদ্ধান্ত প্রদান করা হয়।

মুজিব শতবর্ষ MUJIB 100

# “মুজিব বর্ষের প্রতিশ্রুতি প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার উন্নতি”


## উপদেষ্টা পরিষদ

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
চেয়ারপার্সন
ও
সভাপতি
উপদেষ্টা পরিষদ

**সালমা আখতার জাহান**
সদস্য

**নাসরিন বেগম**
সদস্য

**ড. এ এফ এম মনজুর কাদির**
সদস্য

## সম্পাদনা পরিষদ

**জি. এম. সালেহ উদ্দিন**
সদস্য
ও
আহ্বায়ক
সম্পাদনা পরিষদ

**সারাওয়াত মেহজাবীন**
উপপরিচালক

**তায়েব-উর-রহমান আশিক**
উপপরিচালক

**নাঈমুর রহমান**
সহকারী পরিচালক

**নূরউদ্দীন যোবায়ের**
সহকারী পরিচালক



Competition for growth
Bangladesh Competition Commission

প্রকাশনায় :
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**
৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন : +৮৮ ০২ ৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স : +৮৮ ০২ ৫৮৩১৫৫৮৭
ই-মেইল : secretary.ccb2012@gmail.com
প্রকাশকাল : ডিসেম্বর, ২০২২